# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 21 April, 2025

বাংলাদেশ-চীন দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

সোমবার (২১ এপ্রিল) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইউনান প্রদেশের গভর্নর ওয়াং ইউবোর সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠকে চীনের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর করার এ প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন প্রধান উপদেষ্টা।

ড. ইউনূস বলেন, বাংলাদেশ-চীনের খুব ঘনিষ্ঠ প্রতিবেশী হতে চায়।এসময় প্রধান উপদেষ্টা তার সাম্প্রতিক চীন সফরের প্রসঙ্গ তুলে এটিকে দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ টার্নিং পয়েন্ট হিসেবে বর্ণনা করেন।

তিনি বলেন, দুই দেশের সম্পর্ক বৃদ্ধিতে চীনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বক্তব্য আশাব্যঞ্জক। এসময় প্রধান উপদেষ্টা এবং গভর্নর যুব বিনিময়, স্বাস্থ্যসেবা সহযোগিতা, শিক্ষা এবং বাণিজ্য সহ বিভিন্ন সহযোগিতামূলক উদ্যোগ নিয়ে আলোচনা করেন

বাংলাদেশ মুহাম্মদ ইউনূস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:08

URL: https://www.timestodaybd.com/bangladesh/1177775807